

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৮৮৪(আগরতলা ১১০৮)

আগরতলা, ১১ আগস্ট, ২০২৪

আসামপাড়ায় নবনির্মিত কুণ্ডকালী মন্দিরের উদ্বোধন
সনাতন ধর্ম প্রাচীন ও ঐতিহ্যবাহী ধর্ম : মুখ্যমন্ত্রী

সনাতন ধর্ম প্রাচীন ও ঐতিহ্যবাহী ধর্ম। এই ধর্ম মানুষে মানুষে আত্মিক সম্পর্ককে যেমন সুদৃঢ় করে তেমনি ঐক্য ও সংহতি রক্ষায়ও মুখ্য ভূমিকা পালন করে। আজ রাণীরবাজারের আসামপাড়ায় নবনির্মিত কুণ্ডকালী মন্দিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ত্রিপুরা বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, খাদ্য ও জনসংস্করণ মন্ত্রী সুশান্ত চৌধুরী, বিধায়ক রাজন চক্ৰবৰ্তী, বিধায়ক অস্ত্রা সরকার দেব প্রমুখ। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা কুণ্ডকালী মন্দিরের উন্নয়নে এগিয়ে আসার জন্য যারা সহায়তা প্রদান করেছেন তাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান। তিনি বলেন, মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে রক্তদান শিবির ও বৃক্ষরোপণ অনুষ্ঠানের আয়োজন এক প্রশংসনীয় উদ্যোগ।

মন্দিরের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জুনা আখাড়ার রাষ্ট্ৰীয় সচিব থানাপতি মহেন্দ্র শ্রী রঞ্জিতানন্দ গিরিজী মহারাজ। ধন্যবাদ জ্ঞাপন করেন তপোবন আশ্রম ও কুণ্ডকালী মন্দিরের পক্ষে স্বামী সচিদানন্দ পুরী। অনুষ্ঠান শেষে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা সহ অন্যান্য অতিথিগণ রক্তদান শিবির পরিদর্শন করে বৃক্ষরোপণ অনুষ্ঠানে অংশ নেন।
